

FBG -01

**Bachelor's Degree Programme
(BDP)**

Foundation Course in Bangla (FBG-01)

Assignment

(For July-2022 and January-2023 sessions)

Last Date for Submission:

For July-2022 session: 31st March, 2023
For January-2023 session: 30th September, 2023



**School of Humanities
Indira Gandhi National Open University
Maidan Garhi, New Delhi-110068**

Foundation Course in Bangla

Programme Code : BDP

Course Code : FBG – 01

Maximum marks – 100

- 1) চৈতন্যপূর্বযুগে বৈষ্ণব পদাবলী সাহিত্যের ধারা এবং চণ্ডীদাস ও বিদ্যাপতির রচনামূলক সম্পর্কে যা জান লেখ। 10
 - 2) ‘এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি – নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার’ – ‘ছাড়পত্র’ কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্যের এই পংক্তির অর্থ বিশ্লেষণ কর। 10
 - 3) অরুপরতন সরকার ‘ভক্ত’ গল্পে কিভাবে তাঁর খুদে পাঠকদের মন জয় করে নিলেন লেখ। 10
 - 4) নিচের শূন্যস্থানগুলি সঠিক উত্তর দ্বারা পূর্ণ কর। 10
- ক) মধ্যযুগের সূচনাতে কৃষ্ণলীলা বিষয়ক কাব্য _____ রচিত হয়।
- খ) ঊনবিংশ শতাব্দীতে প্রথম সার্থক বাংলা উপন্যাস লেখেন _____।
- গ) ‘ভারততীর্থ’ কবিতার কবি হলেন _____।
- ঘ) একটু দূরে মনোহরপুকুর পার্ক, আপাতত _____ নয়।
- ঙ) তখন _____ ইংল্যান্ডে ছিলেন। তিনি বুঝিলেন এমন করিয়া আমার কিছু হইবে না।

চ) উপভাষাগুলিকে বাদ দিলে, প্রায় _____ মানুষের মধ্যে ছড়িয়ে আছে।

ছ) ধ্বনি হল উচ্চারণ, আর বর্ণ হল _____।

জ) তাই একটি সরল বাক্য হল ওই _____ এবং _____ মিলিত রূপ।

ঝ) যখন হরকোয়ারের বয়স _____ আর কুস্তীর _____, তখন তারা তাদের সামান্য মালপত্র নিয়ে গিয়ে সংসার পাতল।

ঞ) স্বাধীনতার _____ বৎসরের ইতিহাসের দিকে তাকিয়ে অবশ্যই প্রশ্ন করার অনেক কিছুই আছে।

5) নিচের শব্দগুলির মধ্যে যে কোনো পাঁচটির সমাস ভেঙে তাদের অর্থ লিখে বাক্যে প্রয়োগ কর - 10

জয়গান, সাগরতীরে, ভারততীর্থ, মঙ্গলঘট, মরুতীর্থ, বিলেতফেরত, আগাগোড়া

6) নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর লেখ - 10

ক) ভারতের স্বাধীনতা সম্পর্কে লুই ফিশার কোন মন্তব্য করেন?

খ) রামমোহন রায়ের চরিত্র-ব্যক্তিত্ব সম্পর্কে 'আধুনিক সংস্কৃতি' প্রবন্ধে প্রবোধচন্দ্র ঘোষ কি বলেছেন?

গ) মুরিয়া প্রজাতির মানুষ 'ঘটুল গৃহ' বলতে কি বোঝায় লেখ।

ঘ) পাশ্চাত্য অনুকরণ মোহ প্রবল হলে দেশজ সভ্যতা ও সংস্কৃতির কোন প্রকার ক্ষতি হবে বলে 'বর্তমান ভারত' প্রবন্ধে স্বামী বিবেকানন্দ মনে করেছেন?

ঙ) প্রাচীন ভারতে গণরাজ্যগুলির গঠন কিরূপে হত?

চ) শাস্ত্রীয় নৃত্যে হস্তমুদ্রার প্রয়োগ ঘটে কেন?

ছ) নালসো পিঁপড়ের বাসা নির্মাণের প্রকরণ ব্যাখ্যা কর।

জ) সিরাম কি? এর কাজ কি?

ঝ) এশিয়া ও আফ্রিকার মতো জনবহুল দেশগুলিতে শিক্ষার প্রচার ও প্রসার দ্বারা কিভাবে একটি নতুন শ্রেণী গড়ে তোলা হচ্ছে?

ঞ) সভ্যতার ইতিহাসে জাতিবিদ্বেষের সুফল হিসাবে কোন দিকগুলির কথা 'জাতপাত' প্রবন্ধে তুলে ধরা হয়েছে?

7) নিচের যে কোন পাঁচটি শব্দের সন্ধিবিচ্ছেদ কর - 5

রবীন্দ্র, নরেশ, অর্ধেক, বজ্জাতি, নির্ধন, পুনঃপুনঃ, তৎকাল

8) যে কোন পাঁচটির সন্ধি কর - 5

অপেক্ষা + অতীত

আদি + অন্ত

নিঃ + কলঙ্ক

দুঃ + কৃতি

সদ্যঃ + জাত

উৎ + ফুল্ল

সম্ + সদ্

9) জিহ্বার ওঠা-নামা অনুযায়ী স্বরধ্বনির শ্রেণীবিভাগ কর। 5

10) নিম্নলিখিত অংশটি চলিত ভাষায় রূপান্তরিত কর - 10

তারা চলিয়া গেলে বদন ভালো করিয়া একটা চিতা সাজাইল। তারপর যত্নের সহিত হারুর শবটি চিতার উপর তুলিয়া দিল। চিতার ধোঁয়া সাপের মতো কুণ্ডলী পাকাইয়া আকাশে উঠিতে লাগিল। বর্ণে তার একটা নীল আভা। দীর্ঘ বিশ বৎসর ধরিয়া বদন মানুষ পোড়াইয়া আসিয়াছে, কিন্তু জীবনে এ ধোঁয়া আর কখনও দেখে নাই। এই ধোঁয়ায় দৃষ্টি যেন ঝাপসা হইয়া আসে। সেদিন আকাশ ছিল পরিষ্কার। গ্রীষ্মের প্রখর সূর্য আগুনের হুঙ্কা ঢালিয়া দিতেছিল। হারুর চিতার ধোঁয়া সূর্যের জ্যোতিকে ম্লান করিল।

11) 'কাঁচা' শব্দটি বিশিষ্টার্থে প্রয়োগ করে অন্তত পাঁচটি বাক্য রচনা কর। 5

12) এক কথায় প্রকাশ কর - 5

যার অন্তিমকাল উপস্থিত, যা চিবিয়ে খেতে হয়, যা কল্পনা করা যায় না, সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত, যিনি ইতিহাস লেখেন

13) নিচের বাগধারাগুলি দ্বারা অর্থসহ বাক্যরচনা কর - 5

ডুমুরের ফুল, টাকার কুমির, মাটির মানুষ, বকধার্মিক, শাঁখের করাত